



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০১

## অফিস আদেশ

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৭০.০০১.১৮-২০১৯

তারিখঃ ২০.০৮.২০১৯

যেহেতু আপনি, জনাব মোঃ মিজানুর রহমান, পরিচিতি নং-৫৩ (বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত), ড্রাইভার, প্রবাসী কল্যাণ ব্যাংক পিতা: মৃত আব্দুর রশিদ ফকির, মাতাঃ মোসাম্মদ বকুল বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ বনগ্রাম, ডাকঘরঃ করপাড়া, উপজেলা ও জেলাঃ গোপালগঞ্জ দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণের দায়ে ও অননুমোদিত অনুপস্থিতি থেকে প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৪০ (ক) (খ) ও (গ) বিধির অপরাধ করেছেন। উক্ত অপরাধের দায়ে বিভাগীয় মামলা (বিভাগীয় মোকদ্দমা নং-০৫/২০১৮) চালু করে অত্র ব্যাংকের ০৬.০৬.২০১৮ তারিখের ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৭০.০০১.১৮-১৩০৬ সংখ্যক স্মারক মূলে আপনাকে কৈফিয়ত তলব করা হয় এবং কৈফিয়ত দাখিল করার সময় ব্যক্তিগত শুনানী চাহেন কিনা তাও জানাতে বলা হয়; আপনি উক্ত নোটিশের প্রেক্ষিতে কোন কারণ দর্শাননি এবং ব্যক্তিগত শুনানীও প্রার্থনা করেননি। অতঃপর ব্যাংক কর্তৃক উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য অত্র ব্যাংকের গত ০৬.০৯.২০১৮ তারিখের ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৬৩.০০১.১৮-১৩৮০ সংখ্যক স্মারকের আদেশ মোতাবেক অত্র ব্যাংকের প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার জনাব মোঃ ফরহাদ হোসেন-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং উক্ত তদন্তকারী কর্মকর্তা আপনাকে যথারীতি নোটিশ প্রদান করলেও, আপনি তদন্তে হাজির হননি, বিধায় একতরফা শুনানি গ্রহণপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা তাঁর তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনিত অভিযোগ প্রমাণিত হয়েছে বলে মতামত দিয়েছেন; এবং

যেহেতু, উক্ত তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার সহিত সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে আপনি জনাব মোঃ মিজানুর রহমানকে প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৪০ (ক) (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণের দায়ে ও অননুমোদিত অনুপস্থিতির দায়ে দোষী সাব্যস্ত করে উক্ত প্রবিধানমালার ৪১ এর (১)(খ) (ঈ) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত করার গুরুদ্বন্দ্ব আরোপের সাময়িক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল এবং অত্র ব্যাংকের ০২.০৫.২০১৯ তারিখের ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৭০.০০১.১৮-১৮৬৪ সংখ্যক স্মারকমূলে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; কিন্তু আপনি উক্ত চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে কোন জবাব দাখিল করেননি;

সেহেতু, সার্বিক বিবেচনায় আপনাকে (জনাব মোঃ মিজানুর রহমান, ড্রাইভার) প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এর ৪০ (ক) (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে ‘দায়িত্ব পালনে অবহেলা’, ‘অসদাচরণ’ ও ‘অননুমোদিত অনুপস্থিতির’ অভিযোগে দোষী সাব্যস্ত করে উক্ত প্রবিধানমালার ৪১ এর (১)(খ) (ঈ) বিধি মোতাবেক এবং অত্র কর্তৃপক্ষের চূড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী চাকুরী হতে অদ্য (২০.০৮.২০১৯) বরখাস্ত করা হলো।

জনাব মোঃ মিজানুর রহমান  
ড্রাইভার,  
প্রবাসী কল্যাণ ব্যাংক  
পিতা: মৃত আব্দুর রশিদ ফকির  
মাতা: মোসাম্মদ বকুল বেগম  
গ্রামঃ বনগ্রাম, ডাকঘরঃ করপাড়া,  
উপজেলা ও জেলাঃ গোপালগঞ্জ


নং ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৭০.০০১.১৮-

সদয় অবগতির জন্যঃ

০১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. অফিস কপি।

  
(দেওয়ান মোঃ আব্দুস সামাদ)  
উপ-ব্যবস্থাপনা পরিচালক

তারিখঃ ২০.০৮.২০১৯

  
(দেওয়ান মোঃ আব্দুস সামাদ)  
উপ-ব্যবস্থাপনা পরিচালক